আপলোডের ব্যবস্থা নিন

M Rahman
02/09/2026

১০৪২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ বেতার
সদর দপ্তর
৩১, সৈয়দ মাহবুব মোর্শেদ সরণী
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.betar.gov.bd

নম্বর: ১৫.৫৩.০০০০.০০৩.০১২.২৫.০০১৪.২৫.১২২৮

তারিখ : ১৭ ভাদ্র ১৪৩৩ / ০১/০৯/২০২৬

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট-এর ২৭-০৮-২০২৬ তারিখের ১৫.৫৫.০০০০.৩০৩.২৫.৩৩৩.২৬.৩২৯ নম্বর পত্রের মর্মানুযায়ী বেতার এবং টেলিভিশন সংবাদ রিপোর্টিং ও উপস্থাপনা প্রশিক্ষণ পাঠ্যধারায় বার্তা শাখা হতে ০৬ জন জন (৯ম ও দশম গ্রেডের) কর্মকর্তা মনোনয়নের প্রস্তাব আগামী ০৩-০৯-২০২৬ তারিখের মধ্যে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পত্রটি পৃষ্ঠাংকন করা হলো।

অনুলিপি : সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অতিরিক্ত মহাপরিচালক (বার্তা), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা ।
২। সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। গার্ড ফাইল (সংস্থাপন-১)।

০২-০৯-২৬

মোঃ আল মাসুদ ইবনে মাজেদ
উপআঞ্চলিক প্রকৌশলী
মহাপরিচালকের পক্ষে

পৃষ্ঠাংকন



৬.৬০

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

NATIONAL INSTITUTE OF MASS COMMUNICATION
MINISTRY OF INFORMATION & BROADCASTING
Government of the People's Republic of Bangladesh

স্মারক নম্বর : ১৫.৫৫.০০০০.৩০৩.২৫.৩৩৩.২৬. ৩২৯

তারিখ: ১২ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ
২৭ আগস্ট ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয় : বেতার এবং টেলিভিশন সংবাদ রিপোর্টিং ও উপস্থাপনা প্রশিক্ষণ পাঠ্যধারায় প্রশিক্ষণার্থী মনোনয়ন।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটে ০৪ (চার) সপ্তাহব্যাপী **Techniques of News Reporting & Presentation Course** প্রশিক্ষণ পাঠ্যধারা অনুষ্ঠিত হবে। আগামী ১৩ সেপ্টেম্বর থেকে ০৮ অক্টোবর ২০২৬ খ্রি. মেয়াদে অনুষ্ঠিতব্য এ পাঠ্যধারার লক্ষ্য ও প্রয়োজনীয় তথ্যাদি নিম্নে প্রদত্ত হলো:

| | | |
|---|---|---|
| ক) | লক্ষ্য ও উদ্দেশ্য | : পাঠ্যধারা শেষে প্রশিক্ষণার্থীবৃন্দ:<br>১. সংবাদ রিপোর্টিং এর কলাকৌশল ও পেশাগত বিষয়ে পারদর্শী হয়ে উঠবেন।<br>২. অধিকতর দক্ষতার সাথে রিপোর্ট তৈরী ও সম্পাদনা করতে সক্ষম হবেন।<br>৩. সম্প্রচার সাংবাদিকতার গুণগত মান বৃদ্ধিতে সক্ষম হবেন। |
| খ) | প্রশিক্ষণার্থীর পর্যায় | : সরকারি দপ্তরের ৯ম ও দশম গ্রেডের কর্মকর্তা, বেসরকারি টেলিভিশনের রিপোর্টার এবং ফ্রিল্যান্স প্রশিক্ষণার্থী। |
| গ) | পাঠ্যধারার প্রকৃতি | : অনাবাসিক। |
| ঘ) | পাঠ্যধারার মেয়াদ | : ০৪ (চার) সপ্তাহ (১৩ সেপ্টেম্বর থেকে ০৮ অক্টোবর ২০২৬ খ্রি.)। |
| ঙ) | জনপ্রতি পাঠ্যধারার ফি | : ৪০০০/- (চার হাজার) টাকা। তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়াধীন দপ্তরসমূহের জন্য কোর্স ফি প্রযোজ্য নয়। |
| চ) | মনোনয়নের শেষ তারিখ | : ০৮ সেপ্টেম্বর ২০২৬ খ্রি.। |
| ছ) | মনোনয়নের প্রক্রিয়া | : নিম্নস্বাক্ষরকারীর বরাবর সরাসরি মনোনয়ন প্রেরণ করতে হবে। |
| জ) | পাঠ্যধারায় যোগদান | : মনোনীত কর্মকর্তাগণ আগামী ১৩ সেপ্টেম্বর (রবিবার), ২০২৬ তারিখ সকাল ৯:০০ টার মধ্যে এ ইনস্টিটিউটে রিপোর্ট করবেন। প্রত্যেক মনোনীত প্রার্থীকে ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি সাথে আনতে হবে। |

২। সরকারি বিধি অনুযায়ী প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ ভাতা (প্রযোজ্য ক্ষেত্রে) জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট বহন করবে। ভ্রমণ ও অন্যান্য ভাতা (প্রযোজ্য ক্ষেত্রে) প্রশিক্ষণার্থীদের নিজ প্রতিষ্ঠান বহন করবে।

৩। এই পাঠ্যধারায় কোনো কর্মকর্তাকে মনোনয়ন দেয়া হলে মনোনয়নপত্রে মনোনয়ন প্রদানকারী কর্মকর্তার ফোন নম্বর উল্লেখ করে মনোনীত কর্মকর্তার বেতনক্রম, পদবি এবং কর্মস্থলের ঠিকানা, টেলিফোন নম্বর, মোবাইল নম্বর এবং ই-মেইল ঠিকানা আবশ্যিকভাবে উল্লেখ করতে হবে।

৪। বর্ণিত অবস্থার পরিপ্রেক্ষিতে, তাঁর দপ্তর থেকে এ পাঠ্যধারায় ০৬ (ছয়) জন প্রতিনিধির নাম জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের মহাপরিচালক বরাবর যথাসময়ে প্রেরণের ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।

মুহাম্মদ হিরুজ্জামান এনডিসি
মহাপরিচালক (অতিরিক্ত সচিব গ্রেড ১)
ফোন: ৫৫০৭৯৪২৮

মহাপরিচালক
বাংলাদেশ বেতার, সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি
শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭

স্মারক নম্বর : ১৫.৫৫.০০০০.৩০৩.২৫.৩৩৩.২৬.

তারিখ: ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ
আগস্ট ২০২৬ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:
১. অতিরিক্ত পরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ বেতার, ঢাকা।
২. কার্যালয় নথি।

সুমনা পারভীন
উপপরিচালক ( টিভি অনু. প্রশি.)
ফোন : ০১৭৭৩১০৬৯৭৫

মহাপরিচালকের দপ্তর
বাংলাদেশ বেতার
ডায়েরি নং- ১৪৪৫
তারিখ- ৩১/৮/২৬

অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন ও অর্থ) এর দপ্তর
বাংলাদেশ বেতার
উপপরিচালক (বাজেট)
উপপরিচালক (আইন)
উপপরিচালক (শিল্পী)

উপপরিচালক (প্রশাসন) এর দপ্তর
বাংলাদেশ বেতার
নিরাপত্তা অফিসার
প্রশিক্ষণ শাখা
অন্যান্য

পরিচালক (প্রশাসন ও অর্থ) এর দপ্তর
বাংলাদেশ বেতার
২৪৫৫
৩১/৮/২৬

উপ পরিচালক (প্রশাসন) এর দপ্তর
বাংলাদেশ বেতার
প্রশাসনিক কর্মকর্তা (সং-১)
প্রশাসনিক কর্মকর্তা (সং-২)
প্রশাসনিক কর্মকর্তা (যানঃ)
প্রশাসনিক কর্মকর্তা (হিসাব)
প্রশাসনিক কর্মকর্তা (বাজেট)
প্রশাসনিক কর্মকর্তা (কমন)